দামুড়হুদায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির সফল বাস্তবায়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

দামুড়হুদায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির সফল বাস্তবায়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসন ও সমাজসেবা কার্যালয়ের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সেমিনারে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, পার কৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপজেলা সমাজসেবা কার্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর নাজমুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন

জীবননগরে আইনশৃঙ্খলা ও চোরাচালান বিরোধ মাসিক সভা

জীবননগরে আইনশৃঙ্খলা ও চোরাচালান বিরোধ মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছ।

আজ সোমবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,উপজেলার সহকারী কমিশনার (ভৃমি) তিথি মিত্, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃনাসির উদদীন মৃধা,বীর মুক্তিযুদ্ধা সাইদুর রহমান প্রমুখ।

দামুড়হুদায় ৪ বিঘা জমির ধরন্ত পেঁপে গাছ কেটে দেওয়ার অভিযোগ জাকির হোসেনের বিরুদ্ধে

দামুড়হুদা উপজেলার পরানপুর মাঠে ৪ বিঘা জমির ধরন্ত ফুলন্ত পেঁপে গাছ কেটে দেওয়ার অভিযোগ উঠছে চুয়াডাঙ্গা সদর উপজেলার উক্ত নতুন গ্রামের মো: আমির বিশ্বাস এর ছেলে জাকির হোসেনের বিরুদ্ধে।

আজ রবিবার ভোর ৫টার দিকে ভুক্তভোগী কৃষক তার জমিতে গিয়ে দেখে জমির সব পেঁপে গাছ কেটে দিয়েছে। ভুক্তভোগী কৃষক হলেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কলনীপাড়ার মৃত আবুল কাশেম এর ছেলে রবিউল ইসলাম বাবলু। এবিষয়ে তার ছেলে জাহাঙ্গীর আলম মানিক দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

অভিযোগ সুত্রে জানাগেছে মো: জাকির হোসেন (৪২) পিতা: মো: আমির বিশ্বাস, গ্রাম উক্ত নতুনপাড়া, থানা ও জেলা চুয়াডাঙ্গা উক্ত বিবাদীর নিকট হইতে আমার পিতা মোঃ রবিউল ইসলাম বাবলু বিগত অনুমান ০৬ মাস পূর্বে ১৪,০০,০০০/-(চৌদ্দ লক্ষ) টাকার বিনিময়ে ০৫ বিঘা পেঁপে বাগান সহ লীজ গ্রহণ করি। টাকা ফেরত প্রদান করিলে সে তাহার জমি আমাদের নিকট হইতে ফেরত নিবে। কিন্ত হঠাৎ করে সে চুক্তিনামা থেকে আরও তিন লক্ষ টাকা বেশি দাবী করছে। আমার পিতা দিতে অস্বীকৃত

জানাইলে সে আমাদের সামনে বলে টাকা না দিলে পেঁপে বাগান কেটে দেবো এবং বিভিন্ন স্থানে বলে বেড়ায় পেঁপে বাগান কেটে দেবো।

এরই ধারাবাহিকতায় অদ্য ইং ১১/০৬/২০২৩ তারিখ ভোর অনুমান ০৬:৩০ ঘটিকার সময়ে আমার পিতা উক্ত পেঁপে বাগানে গেলে দেখিতে পাই যে ০৪ বিঘা পেঁপে গাছ কেটে দেয়। আমার পেঁপে গাছগুলিতে ধরন্ত ফল ছিল। এমতাবস্থায় আমার পিতা খোজ খবর নিয়ে জানতে পারে ভোরবেলা মর্নিং ওয়ার্কে স্বাক্ষী ১। শিমুল হাসান, পিং-আঃ জলিল, ২। মোঃ রাশেদ আহম্মেদ সজিব, পিং-মুজিবুল হক (আর্মি), ৩। মোঃ রাজু, পিং-কালাম হোসেন, সর্ব সাং-দর্শনা (থানাপাড়া), উপজেলা-দামুড়হুদা, থানা- দর্শনা, জেলা-চুয়াডাঙ্গাগণ রাস্তায় হাটছিল। পেঁপে গাছ কেটে দিয়ে চলে যাওয়ার সময় তারা দেখতে পাই যে, উক্ত বিবাদী সহ অজ্ঞাতনামা ১৪/১৫ জন হাতে হাসুয়া নিয়ে বাড়ির উদ্দেশ্যে চলে যায়। শুধুমাত্র বিবাদীকেই তাহারা চিনতে পেরেছে। ইহাতে আমাদের প্রায় আনুমানিক-২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার ক্ষয়-ক্ষতি হইয়াছে। ঘটনার পর হইতে আমার পিতা অসুস্থ হয়ে চিকিৎসাধীন অবস্থায় বাড়িতে আছে।

এবিষয়ে ভুক্তভোগির ছেলে জাহাঙ্গীর আলম মানিক বলেন, এই ঘটনায় আমার পিতা চরম কষ্টে অসুস্থ হয়ে পরেছে। এমন জঘন্যতম কাজের জন্য তার বিরুদ্ধে আমি দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছি। আমাদের প্রায় ২০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অভিযোগ পেয়েছি, সরজমিনে তদন্ত পূর্বক ব্যাবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে আজ রবিবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে উক্ত মাসিক সভা অনুষ্ঠিত হয়। জেলা কমিটির আইন-শৃঙ্খলা সভায় আলোচনার বিষয় ছিলো সম্পত্তি সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পর্যালোচনা, মাদকদ্রব্য ও চোরাচালান নিরোধ, অনিষ্পন্ন চোরাচালান মামলার নিষ্পত্তি ত্বরান্বিতকরণ, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত হকারমুক্ত ও দখলমুক্ত, দ্রব্যমূল্য সহনশীল, আসন্ন ঈদুল আযহা উপলক্ষে সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উপর বিস্তারিত আলোচনা হয়।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন, সিভিল সার্জন সাজ্জাদ হোসেন, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা আলমডাঙ্গা জীবননগর ও দামুড়হুদার উপজেলা নির্বাহি অফিসার বৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ, কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, মিডিয়া ব্যক্তিবর্গ।

দামুড়হুদার ধান্যঘরায় বাবর আলীর হত্যার রহস্য উৎঘাটন সংবাদ সম্মেলনে জেলা পুলিশ

দামুড়হুদায় ফল ব্যবসায়ীকে গলাকেটে হত্যা রহস্য ২৪ ঘন্টায় উদঘাটন করেছে দর্শনা থানা পুলিশ। ঘটনার পরের দিন স্ত্রী মহিমা বেগম (৪০) কে গ্রেফতার করে পুলিশ। তাকে ব্যাপক জিজ্ঞাসাবাদে সে স্বীকার করে নিজেই তার স্বামীকে জবাই করে।

এ ঘটনায় আজ রবিবার সকাল ১১ টায় দর্শনা থানা চত্তরে এ সংবাদ সম্মেলন করে জেলা পুলিশ চুয়াডাঙ্গা।
এ সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন চুয়াডাঙ্গা জেলা

পুলিশের এএসপি দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা।

এ সময় তিনি বলেন হত্যার কাজে ব্যবহৃত উদ্ধার করা হয় ঘরের মধ্যে খাটের নিচ থেকে হাসুয়া। মহিমা বিভিন্ন এনজিও ঝণের টাকা নিয়েই স্ত্রীর বলির শিকার হয় স্বামী বাবর আলী। এই এনজিও ঝণের কারনে স্বামী বাবর আলীর সাথে মাঝে মধ্যে পারিবারিক দন্দ হত। গত বৃহস্পতিবার ৮ মে ঐ দিন সন্ধার দিকে স্বামী বাবর আলীর সাথে বাক বিতন্ড হয়।সেই রাত্রে ধারালো হাসুয়া দিয়ে ঘুমন্ত অবস্থায় বাবর আলীকে স্বজোরে গলায় কোপ দেয়।তার চিৎকার শুনে বাড়ি লোকজন ছুটে এসে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়।চিকিৎধীন অবস্থায় অতিরিক্ত রক্ত ক্ষরনে তার মৃত্য হয়। এ ঘটনায় নিহত বাবর আলীর ভাই ছাবের আলী বাদি হয়ে অজ্ঞাতনামা আসামী করে মামলা করে দর্শনা থানায়।

তবে থানা হেফাজতে নেওয়া তার স্ত্রীকে ব্যাপক জিজ্ঞাসাবাদের একপর্যায় স্বীকার করেন সে নিজেই খুন করেছে তার স্বামীকে। তার স্বীকারোক্তিতে পুলিশ উদ্ধার করে হত্যা কাজে ব্যবহৃত হাসুয়া।

দর্শনা থানা পুলিশ ২৪ ঘন্টার মধ্যে এ হত্যার রহস্য উৎঘটন করায় সাবুবাদ জানিয়েছে এলাকাবাসি।উল্লেখ্য, গত ৮ জুন বৃহস্পতিবার দিনগত রাত সাড়ে ১২ টার দিকে এ হত্যার ঘটনা ঘটে। নিহত বাবর আলী উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামের আব্দুস ছাত্তারের ছেলে।এ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন দর্শনা থানার ভারপ্রাপ্ত ইনচার্জ ওসি তদন্ত এস এম আমানউল্লা আমান, দর্শনা থানার ওসি অপারেশন নীরব হোসেন, দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই আহম্মেদ বিশ্বাস।

দর্শনায় কৃষি উদ্যেক্তা পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা সেরা কৃষি উদ্যেক্তার পুরস্কার বিতরনী অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে দর্শনা ওয়েভ ফাউন্ডেশনের উদ্যেগে দর্শনা ট্রেড টেনিং সেন্টারে চত্বরে পুরস্কার বিতরণ অনুষ্ঠানিত হয়।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলায় তিনটি ক্যাটাগেরিতে ১০ জন কৃষি উদ্যেক্তাকে নগদ টাকা ও সম্মাননা পুরস্কার হাতে তুলে দেন অতিথী বৃন্দ।

পুরস্কার বিতরনী অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহি পরিচালক মহাসিন আলির সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট আরএ মো: ফসিউল্লাহ, চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক নাজমুল হামিদ রেজা, অবসর প্রাপ্ত যুগ্মসচিব ও উপদেষ্টা এএফএম ফারুক হোসেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতা, দর্শনা পৌর মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি পরিচালক প্রশাসন ও মানবসম্পদ শাখা মো: নুরে আলম মেহেদী, উপ পরিচালক অনসাইট মো: মিজানুর রহমান, সিনিয়র সহকারী পরিচালক পিএসটু ইভিসি সৈয়দ আশিক ইমতিয়াজ, ওয়েভ ফাউন্ডেশনের উপনির্বহি পরিচালক নাসিফা আলী, পরিচালক আমিরুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের উপ- পরিচালক নাজমা সুলতানা লিপি ও সহকারী পরিচালক কিতাব আলী।।প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, ওয়েভ ফাউন্ডেশন আবু সালেহ মোঃ শহীদ প্রকল্প সমন্বয়কারী, জহির রায়হান উপ-পরিচালক আব্দুস সালাম, সিনিয়র সমন্বয়কারী আব্দুল আলীম সজল, সিনিয়র প্রোগ্রাম অফিসার আনিছুর রহমান, সিনিয়র সমন্বয়কারী আমিরুল ইসলাম পরিচালক, অর্থ ও হিসাব ফারহানা সুলতানা মুক্তা।

জীবননগরে বার্ষিক ক্রীড়া

প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গা-জীবননগরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান করা হয়েছে।

আজ শনিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটি ও ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে শাখারিয়া সীমান্ত ইউনিয়ন প্রবীন কেন্দ্রে এ পুরস্কার বিতরণ ও সম্মননা প্রদান করা হয়।

সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ইসাবুল ইসলাম মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার ও সম্মননান তুলেদেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোঃ আব্দুল্লাহ আল মামুন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি মোঃ নাসির উদ্দিন মৃধা,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী আব্দুল মালেক মোল্লা, সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সমিতি শাজাহান আলী, সাধারন সম্পাদক মোঃ আজিজুল হক প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা মোঃ রবিউল ইসলাম বকুল হোসেন ও সাজ্জাদ হোসেন ।

জীবননগর বিজিবির অভিযান ২ কেজি স্বর্ণ উদ্ধার, আটক-৪

জীবননগরে দুই কেজি ২৪৫ গ্রাম স্বর্ণসহ চার চোরাকারবারিকে আটক করেছে বিজিবি। গত বৃহস্পতিবার সন্ধ্যা ৬টাযর সময় জীবননগর উপজেলার হাসাদাহ বাজার থেকে স্বর্ণসহ চার চোরাকারবারিকে আটক করে।

আটককৃত চোরাকারবারী হলেন, নড়াইল জেলার লোহাগড়া থানার মঙ্গলপুর গ্রামের জিহাদ মোল্লার ছেলে এবাদুল মোল্লা (২৬), তমসুল মোল্লার ছেলে মাহাবুর হাসান (২৭), ইনসান কাজীর ছেলে রিয়াজ আলী

(২১) এবং একই জেলার নড়াগাড়ী থানার থাশিয়ান গ্রামের ইয়ার আলীর ছেলে শেখ সোহেল রানা (৩৫)।

গতকাল শুক্রবার বেলা ১২টাযর সময় মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্ণেল মাসুদ পারভেজ রানা এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত বৃহস্পতিবার মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্ণেল মাসুদ পারভেজ রানা নিজেদের গোয়েন্দার তথ্যের ভিত্তিতে জানতে পারেন, চোরাকারবারীরা জীবননগর-চুয়াডাঙ্গা সড়ক দিয়ে স্বর্ণ পাচারের উদ্দেশ্যে সীমান্তের দিকে যাবে। এ তথ্যের ভিত্তিতে অধিনায়কের নেতৃত্বে এবং উপঅধিনায়ক মেজর মোঃ রকিবুল ইসলামের সহযোগিতায় ব্যাটালিয়ন সদরের একটি বিশেষ টহলদল বৃহস্পতিবার বিকেলে কালীগঞ্জ-চুয়াডাঙ্গা সড়কে অবস্থান নেন।

আনুমানিক বিকেল ৬টায় সাদা রংয়ের একটি প্রাইভেটকার হাসাদাহ বাসস্ট্যান্ডে স্পিডব্রেকার পার হওয়ার সময় বিজিবির টহল দল গাড়িটির গতিরোধ করে নিজেদের নিয়ন্ত্রণে নেন। পরে প্রাইভেটকারে থাকা এবাদুল মোল্লা, মাহাবুর হাসান, রিয়াজ কাজী এবং শেখ সোহেল রানাকে জিজ্ঞাসাবাদ করলে তারা জানান গাড়ির দ্বিতীয় আসনধারীর সিটের নিচে ১৪টি স্বর্ণের বার রয়েছে। তাদের স্বীকারোক্তি মোতাবেক সিটের নিচ থেকে স্বর্ণের ৬টি মিডিয়াম ফ্লাটবার এবং ৮টি বার উদ্ধার করা হয়। এছাড়া ৬টি মোবাইল জব্দ করা হয়। ১৪টি স্বর্ণের বারের মোট ওজন ২ কেজি ২৪৫ গ্রাম।

বিজিবি আরো জানায়, আটক স্বর্ণের বারসহ প্রাইভেটকার এবং মোবাইলের মূল্য ২ কোটি ২৪ লাখ ৭৫ হাজার ৭৫১ টাকা। আটক আসামীদের স্বর্ণের বার শুল্ক কর ফাঁকি দিয়ে ভারতে পাচারের জন্য বহন করা ও নিজ জিম্মায় রাখার অপরাধে তাদেরকে জীবননগর থানায় সোপর্দ করা হয়েছে। এছাড়া ১৪টি স্বর্ণের বার চুয়াডাংগা ট্রেজারিতে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন।

আলমডাঙ্গায় প্রধান শিক্ষককে লাঞ্ছিতের ঘটনায় প্রতিবাদ সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খানকে লাঞ্চিতের নিন্দা জানিয়ে ও দৃষ্টান্ত মূলক শাস্তির দ্বাীতে প্রতিবাদ সভা করা হয়েছে। উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টায় বালিকা বিদ্যালয়ের এ প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

প্রতিবাদ সভায় বত্তাগণ বলেন, স্কুল ঢুকে একজন প্রধান শিক্ষককে মারধর করা অত্যন্ত নিন্দদীয় কাজ। যা সুধি সমাজ মেনে নিতে পারেনা। আমরা এই লাঞ্চনাকারী সামসাদ রানুর দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানায়। ভবিষতে যেনো আর কেউ এধরনের কাজ করতে না পারে।

প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক ইয়াকুব আলী, আলমডাঙ্গা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, মুন্সিগঞ্জ একাডেমির প্রধান শিক্ষক আতিয়ার রহমান, বাদেমাজু বাদল স্মৃতি একাডেমি প্রধান শিক্ষক নুরুল ইসলাম, মুন্সিগঞ্জ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শংকর পাত্র, কুমারী ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হান্নান, এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিদ্দীকুর রহমান, জেসিবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিউর রহমান, সপ্তগ্রাম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দিন, আইলহাস লক্ষিপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাইজাল হোসেন, নাগদাহ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনন্দ কুমার শীল, শ্যামপুর মাদ্রাসার সুপার আক্তারুজ্জামান, ঘোলদাড়ি বাজার মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হামিদ, আইলহাস লক্ষিপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক নুরুল ইসলাম, এরশাদপুর একাডেমির সিনিয়র শিক্ষক আতিয়ার রহমান প্রমুখ।

প্রসঙ্গত,আলমডাঙ্গা সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে গত বুধবার সকাল ৯ টার দিকে পৌর সভার সাবেক কাউন্সিলর ও কৃষকলীগ নেত্রী সামসাদ রানু ওরফে রাঙ্গা ভাবী তার সপ্তম শ্রণীতে পড়ুয়া ছেলেকে নিয়ে স্কুল প্রাঙ্গণে যান। ছেলের ধারাবাহিক মূল্যায়ন পরীক্ষা

কিভাবে, পদ্ধতিই বা কী এবং ছেলেরা আর কতক্ষণ এভাবে অপেক্ষা করবেন জানতে প্রধান শিক্ষকের আসার প্রতীক্ষা করছিলেন। সকাল ৯ টা ৫০ মিনিটে প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান বিদ্যালয় আসলে সামসাদ রানু তাকে ধাক্কাতে ধাক্কাতে টিচারদের রুমে নিয়ে যান। বিদ্যালয়ে কেনো দেরি করে এসেছে জানতে চেয়ে তাকে চড় থাপ্পর মারেন। সে সময় সেখানে থাকা বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন মহিলা কাউন্সিলরকে নিবৃত্ত করার চেষ্টা করতে থাকেন।

এদিকে ঘটনার কিছু সময় পর বিদ্যালয় ছুটি হলে প্রধান শিক্ষক বিদ্যালয় ছেড়ে বাড়ি চলে যান। পরে সহকারী শিক্ষকরা এ বিষয়ে বিদ্যালয়ে বৈঠকে বসেন।

ঘটনার বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম বলেন, বিষয়টি অত্যন্ত লজ্জাজনক। আমি এ ঘটনায় হতবিহ্বল হয়ে পড়েছি। বিদ্যালয়ের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার আমাকে ডেকেছেন। আমি স্যারের সাথে কথা বলে এ ব্যাপারে সিদ্ধান্ত নিবো।
সন্ধ্যায় প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান থানায় মামলা দায়ের করলে পুলিশ সামসাদ রানুকে গ্রেফতার করেন।

গতকাল তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জীবননগর বাকা ইউনিয়ন পরিষদে নব নির্বাচিত সদস্যদের দায়িত্ব ভার গ্রহন

জীবননগর ৩নং বাকা ইউনিয়ন পরিষদে নব নির্বাচিত সদস্যদের দায়িত্ব ভার গ্রহন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় বাকা ইউনিয়ন পরিষদের আয়োজনে আনুষ্ঠানিক ভাবে ৩নং বাকা ইউনিয়ন পরিষদে নব নির্বাচিত চেয়ারম্যান,সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যদের দায়িত্ব ভার গ্রহন করেন।

বাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী প্রমুখ।